দৈনিক
জনকণ্ঠ

তারিখ 19 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# ওআইসিতে শিক্ষা বিজ্ঞান প্রযুক্তি ও গবেষণা খাতে সহযোগিতা বৃদ্ধির আহ্বান নাহিদের

স্টাফ রিপোর্টার ॥ ওআইসির সদস্য দেশগুলোর মধ্যে শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি এবং গবেষণা খাতে সহযোগিতা বৃদ্ধির আহ্বান জানিয়েছেন, বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মঙ্গলবার ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের ৪৩তম সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে দেয়া এক ভাষণে তিনি এ আহ্বান জানান। উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে মঙ্গলবার শুরু এ সম্মেলন আজ শেষ হবে। দু'দিনব্যাপী এ সম্মেলনে মুসলিম বিশ্বের ৫৭টি দেশের পররাষ্ট্রমন্ত্রী অংশ নিচ্ছেন। যাতে এবার বাংলাদেশের পক্ষে দুই সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। প্রতিনিধিদলের অপর সদস্য হলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগের মহাপরিচালক গাউসুল আজম সরকার। এবারের সম্মেলনের প্রতিপাদ্য হলো- 'শিক্ষা ও জ্ঞানার্জন- শান্তি ও সৃজনশীলতার লক্ষ্য অর্জনের উপায়'।

মঙ্গলবার সকালে ওআইসি পররাষ্ট্রমন্ত্রীদের এ সম্মেলনের উদ্বোধন করেন উজবেকিস্তানের অস্থায়ী প্রেসিডেন্ট সাবকাত মির জিউয়েভ। সম্মেলনের প্রথম দিন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ তার ভাষণে জ্ঞান-বিজ্ঞান চর্চা ও গবেষণায় মুসলিম দেশগুলোর গৌরবোজ্জ্বল ইতিহাস আর ঐতিহ্যের কথা তুলে ধরে বলেন, বিশ্বায়নের এ যুগে বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে হলে আমাদের তরুণ প্রজন্মের সামনে ওইসব 'ঐতিহ্যকে' তুলে ধরতে হবে। শিক্ষাকে সর্বদা গুরুত্বের সঙ্গে বিবেচনায় আনতে হবে উল্লেখ করে তিনি বলেন, জাতিতে জাতিতে যুদ্ধ বিগ্রহ, সংঘাত, উগ্রবাদ এবং সাংস্কৃতিক বিভেদ পরিহার করতে হবে। আর এজন্য শিক্ষার কোন বিকল্প নেই।